

## বাকুবির ভেটেরিনারি অনুষদ বন্ধ : শিক্ষা ও গবেষণা কার্যক্রম ব্যাহত

### বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদ দীর্ঘ ১৪ দিন তালাবন্ধ থাকায় সার্বিক শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। অচলাবস্থার কারণে বিশ্ববিদ্যালয়ের মোটা অংকের আর্থিক ক্ষতি হওয়ার আশংকায় বিপাকে পড়েছে

অনুষদ : পৃষ্ঠা : ১৩ কলাম : ৭

## অনুষদ : বন্ধ

(শেষ পৃষ্ঠার পর)

প্রশাসন। অনুষদটি অচল থাকায় ভাটা পড়েছে গবেষণা কার্যক্রমে। ছাত্রছাত্রীদের মধ্যে বিরাজ করছে দারুণ হতাশা। শিক্ষা কার্যক্রম বন্ধ থাকায় অনেক ভেটেরিনারি শিক্ষার্থী ক্যাম্পাস ছেড়ে পাড়ি জমিয়েছে দেশের বাড়িতে। শিক্ষকরাও কাজকর্মবিহীন, আছেন খোশমেজাজে। ভেটেরিনারি অনুষদের বিভাগীয় প্রধান ও ডিনসহ অনুষদীয় শিক্ষকরা অবিলম্বে ডিভিএম ডিগ্রি সমাপনান্তে এক বছর মেয়াদি ইন্টার্নশিপ চালুর জন্য সরকারের প্রতি আর্থিক বরাদ্দের আহ্বান জানিয়েছেন। গতকাল বুধবার বাকুবি সাংবাদিক সমিতি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে ভেটেরিনারি অনুষদের শিক্ষকরা এই দাবি জানান। বক্তারা বলেন, ভেটেরিনারি শিক্ষার্থীদের আন্দোলনের এক পর্যায়ে গত ৪ জুলাই থেকে অনুষদ ভবনে তালা দিয়ে সব কার্যক্রম বন্ধ করে দেয়া হয়। এতে শিক্ষার্থীদের শিক্ষা প্রদানসহ অনুষদীয় গুরুত্বপূর্ণ গবেষণা কার্যক্রম ও অন্যান্য দায়িত্বকর্ম কাজকর্ম বন্ধ রয়েছে। ভেটেরিনারি সায়েন্সের মতো একটি প্রায়োগিক বিজ্ঞানে স্বল্প সময়ের বিরতি পুরো শিক্ষা ও গবেষণা কার্যক্রমই বিনষ্ট করে দিতে পারে।